৩৬

আজকের কাগজ

তারিখ ...11 JUL 1993 ... ...
পৃষ্ঠা... ৮ ... কলাম ... ৩ ...

# গ্রন্থাগারগুলোর উন্নয়নে ব্যবস্থা নেয়া হবে

## — শিক্ষা প্রতিমন্ত্রী

কাগজ প্রতিবেদক ঃ গ্রন্থাগার একটি জাতীয় সভ্যতার মাপকাঠি। একটি জাতিকে উন্নত করতে হলে প্রথমেই তার গ্রন্থাগারের উন্নয়ন ঘটাতে হবে। গতকাল সাইন্স ল্যাবরেটরির ব্যান্সডক মিলনায়তনে বাংলাদেশ গ্রন্থাগার সমিতি আয়োজিত কলেজ গ্রন্থাগার ঃ সমস্যা সমাধান শীর্ষক একদিনের এক সেমিনার উদ্বোধনকালে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যাপক ইউনুস খান এ কথাগুলো বলেন।

প্রধান অতিথির ভাষণে তিনি বলেন, লাইব্রেরী ট্রেনিং ইনস্টিটিউটের মাধ্যমে বাংলাদেশ গ্রন্থাগার সমিতি দেশের দক্ষ জনশক্তি সৃষ্টিতে যে বিশেষ ভূমিকা রাখছে তা প্রশংসার দাবিদার। তিনি এই সংগঠনকে সর্বপ্রকার সহযোগিতা করার অঙ্গীকার ব্যক্ত করে বলেন, আমাদের দেশের গ্রন্থাগারগুলোর অবস্থা অত্যন্ত নাজুক, কোনো কিছুই সমৃদ্ধ নয়, যোগ্য কর্মিরও অভাব রয়েছে। এসব সমস্যা সমাধানে তাঁর মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তাঁর মন্ত্রণালয় স্কুল লাইব্রেরী পুনরুদ্ধার এবং কর্ম কমিশনের মাধ্যমে বিভিন্ন গ্রন্থাগারের শূন্য পদগুলোতে লাইব্রেরীয়ান নিয়োগের ব্যবস্থা নেবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণ দেন সংগঠনের সাধারণ সম্পাদক শামসুল ইসলাম খান।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সভাপতি এ কে এম আব্দুর নুরুর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে "কলেজ লাইব্রেরী ঃ সমস্যা এবং তার সমাধান" বিষয়ক মূল প্রবন্ধ পাঠ করেন বাংলাদেশ কলেজ গ্রন্থাগার সমিতির সভানেত্রী এবং ঢাকা কলেজের লাইব্রেরীয়ান শামসুন নাহার। তিনি কলেজ লাইব্রেরীর বিভিন্ন সমস্যা তুলে ধরেন। খবর তথ্য বিবরণী র।